হেথা   যে গান গাইতে আসা আমার হয় নি সে গান গাওয়া—
আজো   কেবলি সুর সাধা, আমার কেবল গাইতে চাওয়া ॥
আমার   লাগে নাই সে সুর, আমার বাঁধে নাই সে কথা,
শুধু   প্রাণেরই মাঝখানে আছে গানের ব্যাকুলতা ।
আজো   ফোটে নাই সে ফুল, শুধু বহেছে এক হাওয়া ॥
আমি   দেখি নাই তার মুখ, আমি শুনি নাই তার বাণী,
কেবল   শুনি ক্ষণে ক্ষণে তাহার পায়ের ধ্বনিখানি—
আমার   দ্বারের সমুখ দিয়ে সে জন করে আসা-যাওয়া ।
শুধু   আসন পাতা হল আমার সারাটা দিন ধ'রে—
ঘরে   হয় নি প্রদীপ জ্বালা, তারে ডাকব কেমন ক'রে ।
আছি  পাবার আশা নিয়ে, তারে হয় নি আমার পাওয়া ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Mishra Behaag

Visit www.geetabitan.com for notation and other detail